যিনি এক মাত্র, সকলের নিয়ন্তা, এবং সর্ব্বভূতের অন্তরাত্মা এবং যিনি এক রূপকে বহু প্রকার করেন, তাঁহাকে যে সকল জ্ঞানিরা স্বীয় আত্মাতে সাক্ষাৎ দৃষ্টি করেন, তাঁহারদিগেরই নিত্য সুখ হয়, অপর ব্যক্তিদিগের তাহা কদাপি হয় না।

যিনি তাবৎ অনিত্য বস্তুর মধ্যে কেবল এক মাত্র নিত্য ও তাবৎ সচেতনের কেবল এক মাত্র চেতন কর্ত্তা, একাকী যিনি সকলের কামনা পূর্ণ করিতেছেন, তাঁহাকে যে সকল জ্ঞানিরা স্বীয় আত্মাতে সাক্ষাৎ দৃষ্টি করেন তাঁহারদিগেরই নিত্য শান্তি হয়, অপর ব্যক্তিদিগের তাহা কদাপি হয় না।

যে সময়ে এখানে সমুদায় হৃদয় গ্রন্থি নষ্ট হয় তখনই জীব অমর হয়েন; এতাবন্মাত্র উপদেশ জানিবে।

নবম অধ্যায় ।

দুই সুন্দর পক্ষযুক্ত পক্ষী এক বৃক্ষ অবলম্বন করিয়া রহিয়াছেন, তাঁহারা সর্ব্বদা একত্র থাকেন এবং উভয় পরস্পরের সখা; তন্মধ্যে একটি সুখেতে ফল ভোজন করেন, অন্য নিরশন থাকিয়া কেবল দর্শন করেন ।

জীব শরীর মধ্যে নিমগ্ন রহিয়া এবং দীন ভাবে মুহ্যমান হইয়া সর্ব্বদাই শোক করিতে থাকে, কিন্তু যখন সর্ব্বসেব্য সংসারাতীত ঈশ্বর ও তাঁহার মহিমাকে দেখিতে পায় তখন তাহার আর শোক থাকে না ।

যৎকালে জ্ঞানাপন্ন সাধক স্বপ্রকাশক বিশ্বের কর্ত্তা ও নিয়ন্তা এবং কারণ স্বরূপ পূর্ণ ব্রহ্মকে দৃষ্টি করেন, তখন তিনি পাপ পুণ্য পরিত্যাগ পূর্ব্বক নির্লিপ্ত হইয়া পরম সাম্য প্রাপ্ত হয়েন। বুদ্ধিমান্ ব্যক্তি

মহান্ ও সর্ব্বব্যাপী পরমাত্মাকে জানিয়া আর শোক করেন না।

যিনি সেই ছায়া রহিত শরীর রহিত লোহিত্বাদি গুণ রহিত পরিশুদ্ধ অবিনাশী পরমাত্মাকে জানেন তিনি সেই ক্ষয় শূন্য পরব্রহ্মকে প্রাপ্ত হয়েন।

পরমেশ্বর চক্ষুর অগোচর, কর্ম্মেন্দ্রি-য়ের অগ্রাহ্য এবং অব্যবহার্য্য হয়েন। তিনি কোন লক্ষণ দ্বারা গম্য নহেন, কোন শব্দ দ্বারা ব্যপদেশ্য নহেন, তিনি অচিন্ত্য। এক আত্ম প্রত্যয়ই তাঁহার অস্তিত্বের প্র-তি প্রমাণ হইয়াছে। তিনি সমুদায় সংসার ধর্ম্মের অতীত; তিনি শান্ত, মঙ্গলস্বরূপ এবং অদ্বিতীয়।

সর্ব্বাপেক্ষা অন্তরতর যে এই পরমাত্মা, ইনি পুত্র হইতে প্রিয়, বিত্ত হইতে প্রিয়, আর আর তাবৎ বস্তু হইতে প্রিয়।

যে ব্যক্তি পরমাত্মা অপেক্ষা অন্যকে প্রিয় করিয়া বলে, তাহাকে যে ব্রহ্মোপাসক বলেন, যে তোমার যে প্রিয়, সে বিনাশ

পাইবে, তাঁহার এপ্রকার বলিবার অধি-
কার আছে ; বাস্তবিকও তিনি যাহা বলেন
তাহাই হয়।

পরমাত্মাকেই প্রিয় রূপে উপাসনা
করিবেক। যিনি পরমাত্মাকে প্রিয়রূপে
উপাসনা করেন, তাঁহার প্রিয় কখনও মরণ
শীল হয় না।

পরমাত্মার দর্শন, শ্রবণ মনন ও নিদি-
ধ্যাসন করিবেক।

সেই এই যে পরমাত্মা, ইনি সকল ভূ-
তের অধিপতি এবং সর্ব্বভূতের রাজা।

যেমন রথচক্রের নাভিদেশে ও নেমি-
দেশে অর সমুদয় সমর্পিত থাকে, সেইরূপ
এই পরমাত্মাতে সকল ভূত ও সকল দেবতা,
সকল লোক, সকল প্রাণ, এই সমুদায় জীব
সমর্পিত হইয়া রহিয়াছে।

আমি নমস্কার পূর্ব্বক তোমারদিগের
সৃজন কর্ত্তা চিরন্তন পরব্রহ্মের সমাধি
করি। হে অনাদিমৎ পরমাত্মন্ তুমি
সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া রহিয়াছ, তোমা হই

তে এই সমুদায় ভুবন উৎপন্ন হইয়াছে।

এখানে থাকিয়াই আমরা তাঁহাকে জানিয়াছি; যদি আমরা তাঁহাকে না জানিতে পারিতাম তবে মহা বিনাশ প্রাপ্ত হইতাম। যাঁহারা এই পরব্রহ্মকে জানেন তাঁহারা অমর হয়েন, তদ্ভিন্ন আর সকলেই দুঃখ পায়।

যিনি কারণের কারণ তিনি রূপ হীন ও নিরাময়। যাঁহারা এই পরব্রহ্মকে জানেন তাঁহারা অমর হয়েন, তদ্ভিন্ন আর সকলেই দুঃখ পায়।

যিনি বিশ্বকার্য্যের কারণ মহান্ পরব্রহ্ম এবং যিনি সর্ব্বভূতের শরীরে গূঢ় রূপে স্থিতি করিতেছেন আর যিনি একাকী বিশ্ব সংসারকে পরিবেষ্টন করিয়া রহিয়াছেন, সেই ঈশ্বরকে জানিলে লোক সকল অমর হয়।

তাঁহার দ্বারা সকল ইন্দ্রিয়ের গুণ প্রকাশ পায় কিন্তু তিনি স্বয়ং সকল ইন্দ্রিয় বিবর্জ্জিত। তিনি সকলের প্রভু, সকলের

ঈশ্বর, সকলের আশ্রয় ও সকলের সুহৃৎ ।

এই মহান্ পুরুষ সকলের প্রভু। এই পরিশুদ্ধ জ্ঞান স্বরূপ অবিনাশী ঈশ্বর সুনির্ম্মল শান্তির উদ্দেশে ধর্ম্মের প্রবর্ত্তক হয়েন ।

দশম অধ্যায় ।

যিনি ওঙ্কারের প্রতিপাদ্য তিনি ব্রহ্ম। সকল দেবতারা ইঁহার পূজা আহরণ করিতেছেন।

জগতের মধ্যস্থিত পূজনীয় পরমাত্মাকে সমুদায় দেবতারা নিয়ত উপাসনা করিতেছেন।

ওঙ্কার প্রতিপাদ্য পরব্রহ্মকে ধ্যান কর এবং নির্ব্বিঘ্নে তোমরা অজ্ঞান তিমির হইতে উত্তীর্ণ হও। জ্ঞানী ব্যক্তি ওঙ্কার সাধনা দ্বারা সেই শান্ত, অজর, অমর, অভয় নিরতিশয় ব্রহ্ম প্রাপ্ত হয়েন।

সেই জগৎ প্রসবিতা পরম দেবতার বরণীয় জ্ঞান ও শক্তি ধ্যান করি, যিনি আমারদিগকে বুদ্ধি বৃত্তি সকল প্রেরণ করিতেছেন।

ব্রহ্ম আমাকে পরিত্যাগ করেন নাই

আমি যেন তাঁহাকে পরিত্যাগ না করি। তিনি আমাকর্ত্তৃক সর্ব্বদা অপরিত্যক্ত থাকুন।

তোমারদের মৃত্যু পীড়া না হউক, এপ্রযুক্ত সেই বেদ্য পুরুষকে জান।

যে প্রকাশবান্ পুরুষ অগ্নিতে, যিনি জলেতে, যিনি বিশ্ব সংসারে প্রবিষ্ট হইয়া আছেন; যিনি ওষধিতে যিনি বনস্পতিতে স্থিতি করিতেছেন; সেই দেবতাকে বার বার নমস্কার করি।

একাদশ অধ্যায়।

যাঁহাতে শব্দ নাই, স্পর্শ নাই, রূপ নাই, রস নাই, গন্ধ নাই; যাঁহার কোন ক্ষয় নাই; যিনি অনাদি, অনন্ত, ও সকল প্রকার মহৎ পদার্থ হইতে মহৎ এবং নিত্য ও নির্ব্বিকার; তাঁহাকে জানিয়া জীব মৃত্যু মুখ হইতে প্রমুক্ত হয়।

এই পরমাত্মা সর্ব্বভূতেতে প্রচ্ছন্ন রহিয়াছেন, এ প্রযুক্ত তিনি প্রকাশ পায়েন না। সূক্ষ্মদর্শী পণ্ডিতেরা একনিষ্ঠ সূক্ষ্ম বুদ্ধি দ্বারা তাঁহাকে দৃষ্টি করেন।

অনেক উত্তম বচন দ্বারা, বা মেধা দ্বারা অথবা বহুশ্রবণ দ্বারা তাঁহাকে জানা যায় না; যে সাধক তাঁহাকে প্রার্থনা করে, সেই তাঁহাকে পায়; পরমাত্মা এরূপ সাধকের সন্নিধানে আত্মস্বরূপ প্রকাশ করেন।

হে জীব সকল! উত্থান কর, অজ্ঞান নিদ্রা হইতে জাগ্রত হও, এবং উৎকৃষ্ট আচার্য্যের

নিকট যাইয়া জ্ঞান লাভ কর। পণ্ডিতেরা জ্ঞান পথকে শানিত ক্ষুরধারের ন্যায় দুর্গম করিয়া বলিয়াছেন।

সেই যে এই ব্রহ্ম, ইহাঁর আর কোন পূর্ব্ব কারণ নাই, ইনি অমৃত ও অভয়। শান্তচিত্ত হইয়া ইহাঁর উপাসনা করিবেক।

দ্বাদশ অধ্যায়।

অদ্বিতীয় পরমাত্মা বৃক্ষের ন্যায় স্তব্ধ রহিয়া আপনার স্বপ্রকাশ মহিমাতে স্থিতি করিতেছেন। সেই পূর্ণস্বরূপ পরব্রহ্ম দ্বারা এই সমস্ত জগৎ পূর্ণ রহিয়াছে।

হে প্রিয়! যেমন পক্ষি সকল তাহারদিগের বাস স্থান বৃক্ষেতে স্থিতি করে, তদ্রূপ সমুদায় পদার্থ পরমাত্মাতে স্থিতি করিতেছে।

এক যে পরমেশ্বর, তিনি সর্ব্বভূতেতে প্রচ্ছন্ন ভাবে স্থিতি করিতেছেন, তিনি সর্ব্বব্যাপী ও সকলের অন্তর্যামী। তিনি তাবৎ কার্য্যের অধ্যক্ষ, তিনি সর্ব্ব ভূতের আশ্রয়, তিনি সকলের সাক্ষী, জ্ঞান স্বরূপ, ও সঙ্গ রহিত এবং সৃষ্ট পদার্থে যে সমস্ত গুণ আছে, তাহার কিছুই তাঁহাতে নাই।

সূর্য্য যেমন ঊর্দ্ধ, অধ, তির্য্যক্, সমুদায় দিক্ প্রকাশ করিয়া প্রকাশ পায়েন, অদ্বিতীয় ঐশ্বর্য্যবান্ বিশ্ব প্রকাশক জগৎ কারণ বরণীয় পরমেশ্বর সেই রূপ প্রকাশ পাইতেছেন। একাকী তিনি সর্ব্বভূতে তাহারদিগের স্বীয় ভাব সকল নিয়োজন করিতেছেন।

কি ঊর্দ্ধদেশে, কি তির্য্যক্ কি মধ্যদেশে, কোথাও তাঁহাকে কেহ গ্রহণ করিতে পারে নাই। তাঁহার প্রতিমা নাই, তাঁহার নাম মহদ্যশ।

তাঁহার স্বরূপ চক্ষুর গোচর নহে, সুতরাং কেহ তাঁহাকে চক্ষুর দ্বারা দেখিতে পায় না। তিনি মনোগত সংশয় রহিত বুদ্ধি দ্বারা দৃষ্ট হইলে প্রকাশিত হয়েন; যাঁহারা ইঁহাকে এই প্রকারে জানেন, তাঁহারা অমর হয়েন।

শুনিবার উপায় অভাবে অনেকে যে পরব্রহ্মকে প্রাপ্ত হয় না, অনেকে শ্রবণ করিয়াও যাঁহাকে জানিতে পারে না, তাঁহার

জ্ঞান উপদেশ করিতে পারে এমত বক্তা অতি দুর্ল্লভ, ও অত্যন্ত নিপুণ যে ব্যক্তি সেই তাঁহাকে লাভ করিতে পারে। নিপুণ রূপে অনুশিষ্ট হইয়াছে, এমত জ্ঞাতাও দুর্লভ।

অল্প বুদ্ধি লোক সকল বহির্ব্বিষয়েতেই আসক্ত হইয়া মৃত্যুর বিস্তীর্ণ পাশে বদ্ধ হয়; এই হেতু ধীর ব্যক্তি সকল নিত্য অমৃতত্বকে জানিয়া সংসারের তাবৎ অনিত্য পদার্থের মধ্যে কিছুই প্রার্থনা করেন না।

যাহার দ্বারা আমি অমর না হই, তাহাতে আমি কি করিব। হে জ্যোতির্ম্ময়! অসৎ কর্ম্ম হইতে আমাকে সৎ কর্ম্মে লইয়া যাও, অন্ধকার হইতে আমাকে জ্যোতিতে লইয়া যাও এবং মৃত্যু হইতে আমাকে অমৃততে লইয়া যাও; আমার নিকট প্রকাশিত হও, হে রুদ্র! তোমার যে প্রসন্ন মুখ তাহার দ্বারা আমাকে সর্ব্বদা রক্ষা কর।

ত্রয়োদশ অধ্যায

সত্যেরই জয় হয়, মিথ্যার জয় হয় না। সত্য কথন দ্বারা, মনের একাগ্রতা দ্বারা, সম্যক্ জ্ঞান দ্বারা এই পরমাত্মাকে প্রাপ্ত হওয়া যায়। ঋষি সকল এই সমস্ত অনুষ্ঠান দ্বারা তৃপ্ত চিত্ত হইয়া সত্যের পরম আশ্রয় স্বরূপ পরব্রহ্মকে প্রাপ্ত হয়েন।

প্রকাশবান্, নিরবয়ব, পূর্ণ স্বরূপ, সকলের বাহিরেও আছেন এবং সকলের অন্তরেও আছেন এবং জন্ম রহিত, তাঁহার প্রাণও নাই এবং মনও নাই; যত্নশীল নিষ্পাপ জ্ঞানি সকল যাঁহাকে দৃষ্টি করেন।

যিনি দেবতাদিগের অধিপতি, যাঁহাতে লোক সকল আশ্রিত হইয়া রহিয়াছে, যিনি এই দ্বিপদ ও চতুষ্পাদ তাবৎ জন্তুদিগকে শাসনে রাখেন, তিনি এই জন্মরহিত মহান্ আত্মা।

এই পরমাত্মাকে কেহ দর্শন করে নাই, কিন্তু তিনি সকলই দর্শন করেন; কেহ তাঁ-হাকে শ্রুতি গোচর করে নাই, কিন্তু তিনি সকলই শ্রবণ করেন; কেহ তাঁহাকে মনন করিতে সমর্থ হয় নাই, কিন্তু তিনি সকলই মনন করেন; কেহ তাঁহাকে জ্ঞাত হয় নাই, কিন্তু তিনি সকলই জানেন।

ইহা নহে, ইহা নহে, এই প্রকার সেই এই পরমাত্মার নির্দ্দেশ; তিনি ইন্দ্রিয় ও মনের গ্রাহ্য নহেন, সুতরাং কেহ তাঁহাকে গ্রহণ করিতে পারে না।

সেই এই পরমাত্মা সকলের নিয়ন্তা ও সকলের অধিপতি; তিনি এই জগতে যে কিছু পদার্থ আছে, সমুদায়েরই শাসন করেন।

শরীরের পরম উৎকৃষ্ট স্থানে বুদ্ধিমধ্যে দুই জন প্রবিষ্ট হইয়া রহিয়াছেন; তন্ম-ধ্যে এক জন স্বকৃত কর্ম্ম ফল ভোগ করেন, আর এক জন সেই ফল প্রদান করেন। ব্রহ্ম-বিৎ ব্যক্তি সকল তাঁহারদিগকে ছায়া ও

আতপের ন্যায় পরস্পর ভিন্ন করিয়া বলেন, আর পঞ্চাগ্নি ও ত্রিণাচিকেত কর্ম্মিরাও এই প্রকার কহিয়া থাকেন।

চতুর্দশ অধ্যায

যিনি মহান্ তিনি সুখস্বরূপ, ক্ষুদ্রপদার্থে সুখ নাই। মহান্ পদার্থই সুখস্বরূপ, অতএব তাঁহাকেই জানিতে ইচ্ছা করিবেক।

শিষ্য জিজ্ঞাসা করিলেন, হে ভগবন্! তিনি কোথায় প্রতিষ্ঠিত আছেন? আচার্য্য উত্তর করিলেন, তিনি আপনার মহিমাতেই প্রতিষ্ঠিত আছেন।

তিনি অধোতে তিনি ঊর্দ্ধ্বেতে তিনি পশ্চাতে তিনি সম্মুখে তিনি দক্ষিণে তিনি উত্তরে। তিনি ভূত ভবিষ্যতের নিয়ন্তা; তিনি অদ্য আছেন, পরেও থাকিবেন।

যিনি এক এবং বর্ণহীন এবং যিনি প্রজাদিগের প্রয়োজন জানিয়া বহু প্রকার শক্তিযোগে বিবিধ কাম্যবস্তু বিধান করিতেছেন, সমুদায় ব্রহ্মাণ্ড আদ্যন্তমধ্যে যাঁহাতে ব্যাপ্ত হইয়া রহিয়াছে, তিনি দীপ্যমান পরমেশ্বর। তিনি আমার দিগকে শুভ বুদ্ধি প্রদান করুন।

তিনি সংসার কাল এবং সাকার বস্তু সমুদায় হইতে শ্রেষ্ঠ এবং সুতরাং ভিন্ন, যাঁহা কর্ত্তৃক এই প্রপঞ্চ সংসার পরিবর্ত্তিত হইতেছে। তিনি ধর্ম্মের আকর, পাপের শাস্তা, ঐশ্বর্য্যের স্বামী; সেই সকলের আ-ত্মস্থ, অমৃত, বিশ্বের আশ্রয়কে—সেই মঙ্গল স্বরূপ বিশ্বের এক মাত্র পরিবেষ্টাকে জা-নিয়া জীব অত্যন্ত শান্তি প্রাপ্ত হয়।

তিনি বিশ্বকর্ত্তা, বিশ্ববেত্তা, সকল আ-ত্মার কারণ এবং প্রজ্ঞাবান্, কালের কর্ত্তা, গুণবান্ ও সর্ব্বজ্ঞ। তিনি জড় কি জীব তাবতের প্রতিপালক, সর্ব্ব গুণের মহেশ্বর, এবং সংসারের স্থিতি বন্ধ ও মোক্ষের হেতু।

তিনি চৈতন্যময়, মরণধর্ম্মরহিত, এবং সর্ব্বস্বামী রূপে সম্যক্ স্থিতি করিতেছেন; তিনি প্রজ্ঞাবান্, সর্ব্বত্র গামী এবং এই জগ-তের প্রতিপালক। যিনি এই জগৎকে নিত্য নিয়মে রাখিয়াছেন, তদ্ব্যতীত বিশ্ব শাস-নের আর অন্য হেতু নাই। আমি মুমুক্ষু

হইয়া সেই আত্মবুদ্ধি প্রকাশক পরমেশ্ব-
রের শরণাপন্ন হই।

সেই এই ব্রহ্মের নাম সত্য। তিনি নির-
বয়ব, নিষ্ক্রিয় ও শান্ত; তিনি অনিন্দনীয়,
নির্লিপ্ত ও মুক্তির পরম সেতু; এবং দগ্ধ দারু
নিঃসৃত অগ্নির ন্যায় দীপ্যমান।

তিনি এই লোক ভঙ্গ নিবারণার্থে সেতু
স্বরূপ হইয়া সমুদায় ধারণ করিতেছেন,
এই সেতু স্বরূপ পরব্রহ্ম অহোরাত্রের পরি-
চ্ছেদ্য নহেন এবং জরা মৃত্যু শোকও তাঁ-
হাকে অধিকার করিতে পারে না।

যে পরমাত্মা পাপশূন্য এবং অজর
অমর অশোক ও ক্ষুৎপিপাসা বর্জিত, এবং
সত্যকাম ও সত্য সঙ্কল্প, তাঁহাকে অন্বেষণ
করিবে এবং তাঁহাকেই বিশেষ রূপে জানি-
তে ইচ্ছা করিবে; যিনি পরমাত্মাকে অন্বেষণ
করিয়া জানিতে পারেন, তাঁহার সকল
লোক প্রাপ্তি হয় এবং সকল কামনা সিদ্ধ
হয়।

ব্রহ্মের নাম আকাশ; তিনি নাম রূপের

নির্ব্বাহ কর্ত্তা, এবং সেই নামরূপ যাঁহা হইতে ভিন্ন, তিনি ব্রহ্ম, তিনি অমৃত।

তিনি বাক্য দ্বারা কি মনের দ্বারা কি চক্ষু দ্বারা কাহারও কর্ত্তৃক কদাপি প্রাপ্ত হয়েন না। যে ব্যক্তি বলে যে তিনি আ-ছেন, তদ্ভিন্ন অন্য ব্যক্তির দ্বারা তিনি কি প্রকারে উপলব্ধ হইবেন।

যিনি যখন প্রকাশবান্ ভূত ভবিষ্যতের নিয়ন্তা পরমাত্মাকে সাক্ষাৎ দেখেন, তিনি তখন আর আপনাকে তাঁহা হইতেগোপন রাখিতে ইচ্ছা করেন না।

পঞ্চদশ অধ্যায়।

যে ব্যক্তি দুষ্কর্ম্ম হইতে বিরত হয় নাই, ইন্দ্রিয় চাঞ্চল্য হইতে শান্ত হয় নাই, যাহার চিত্ত সমাহিত হয় নাই এবং কর্ম্ম ফল কামনা প্রযুক্ত যাহার মন শান্ত হয় নাই, সে ব্যক্তি কেবল জ্ঞান মাত্র দ্বারা পরমাত্মাকে প্রাপ্ত হয় না।

শ্রেয় ও প্রেয় মনুষ্যকে প্রাপ্ত হয়; তিনি সম্যক্ বিবেচনা করিয়া এই দুইকে পৃথক্ করেন। ইহার মধ্যে যিনি শ্রেয়কে গ্রহণ করেন, তাঁহার মঙ্গল হয়; আর যিনি প্রেয়কে গ্রহণ করেন, তিনি পরমার্থ হইতে ভ্রষ্ট হয়েন।

মনুষ্য যেমন কর্ম্ম করেন আর যেমন আচরণ করেন, তাঁহার সেইরূপ গতি হয়; যিনি সাধু কর্ম্ম করেন তিনি সাধু হয়েন আর যিনি পাপ কর্ম্ম করেন তিনি পাপী হয়েন;

পুণ্য কর্ম্ম ফলে আত্মা পবিত্র হয় আর পাপ কর্ম্ম ফলে আত্মা পাপময় হয়।

. যে ব্যক্তি অবিবেকী ও যাহার মন অবশীভূত, তাহার ইন্দ্রিয় সকল সারথির দুষ্ট অশ্বের ন্যায় বশে থাকে না।

যিনি জ্ঞানবান্ এবং স্ববশচিত্ত, তাঁহার ইন্দ্রিয় সকল সারথির বশীভূত অশ্বের ন্যায় বশে থাকে।

যিনি অজ্ঞ ও অবশচিত্ত এবং সর্ব্বদা অ-শুচি, তিনি সেই ব্রহ্মপদ প্রাপ্ত হয়েন না, কিন্তু সংসার গতিকেই প্রাপ্ত হয়েন।

যিনি জ্ঞানবান্, স্ববশ ও সর্ব্বদা শুদ্ধচিত্ত, তিনি সেই ব্রহ্মপদ প্রাপ্ত হয়েন, যে পদ প্রাপ্ত হইলে পুনর্ব্বার আর জন্ম হয় না।

বিজ্ঞান যাঁহার সারথি ও মন রূপ রজ্জু যাঁহার বশীভূত, তিনি সংসার পার সর্ব্ব-ব্যাপি পরব্রহ্মের পরম স্থান প্রাপ্ত হয়েন।

দুর্ব্বুদ্ধি অজ্ঞানি ব্যক্তিরা সেই সমুদায় লোক প্রাপ্ত হয়,যে সকল লোক আনন্দশূন্য এবং নিবিড় অন্ধকারে আবৃত।

ষোড়শ অধ্যায়।

ব্রহ্মবিৎ ব্যক্তি শান্ত দান্ত নিষ্পাপ ও সহিষ্ণু ও একাগ্রচিত্ত হইয়া আপনাতেই পরমাত্মাকে দৃষ্টিকরেন।

পাপ ইঁহাকে স্পর্শ করিতে পারে না, ইনি সমুদয় পাপকে অতিক্রম করেন; পাপ ইঁহাকে সন্তাপ দিতে পারে না, ইনি সমুদয় পাপের সন্তাপক হয়েন। তিনি নিষ্পাপ, নির্ম্মল-চিত্ত ও পরব্রহ্মের সত্তাতে নিঃসংশয় হইয়া ব্রহ্মোপাসক হয়েন।

তিনি আনন্দনীয় পরব্রহ্মকে লাভ করিয়া আনন্দিত হয়েন; তিনি শোক হইতে উত্তীর্ণ হয়েন, তিনি পাপ হইতে উত্তীর্ণ হয়েন, এবং হৃদয়গ্রন্থি সমুদয় হইতে বিমুক্ত হইয়া অমৃত হয়েন।

সত্য হইতে বিচ্ছিন্ন হইবেক না, ধর্ম্ম হইতে বিচ্ছিন্ন হইবেক না, শুভ কর্ম্ম হইতে বিচ্ছিন্ন হইবেক না।

সত্যকথা কহ ; যেব্যক্তি মিথ্যাকহে, সে সমূলে শুষ্ক হয়।

ধর্ম্মাচরণ কর ; ধর্ম্মের পর আর নাই, ধর্ম্ম সকলেরই পক্ষে মধু স্বরূপ।

শ্রদ্ধার সহিত দান করিবেক, অশ্রদ্ধার সহিত দান করিবেক না।

মাতাকে দেবতুল্য, পিতাকে দেবতুল্য, আচার্য্যকে দেবতুল্য জান।

যে সকল অনিন্দিত কর্ম্ম, তাহার অনুষ্ঠান করিবেক ; নিন্দিত কর্ম্মের অনুষ্ঠান করিবেক না।

আমরা যে সকল সদাচার করিয়া থাকি, তুমি তৎ সমুদায়ের অনুষ্ঠান কর ; তদ্ভিন্ন অন্য কর্ম্মের অনুষ্ঠান করিও না।

যে ব্রহ্মবিৎ এই সমস্ত উপায় দ্বারা ব্রহ্মপ্রাপ্তির যত্ন করেন, তাঁহার আত্মা ব্রহ্মরূপ নিকেতনে প্রবিষ্ট হয়।

হে দিব্য-ধাম-বাসি অমৃতের পুত্র সকল, তোমরা শ্রবণ কর।

আমি এই তিমিরাতীত জ্যোতির্ম্ময় ম-

হান্ পুরুষকে জানিয়াছি ; সাধক কেবল তাঁহাকেই জানিয়া মৃত্যুকে অতিক্রম করে, তদ্ভিন্ন মুক্তি প্রাপ্তির আর অন্য পথ নাই ।

আপনাতেই নিত্য স্থিতি করিতেছেন যে অরমাত্মা, তিনিই জানিবার যোগ্য ; তাঁহার পর জানিবার যোগ্য আর কোন পদার্থ নাই ।

কৃতবুদ্ধি, আসক্তিহীন, প্রশান্তচিত্ত ঋষি সকল ইঁহাকে সম্যক্ প্রাপ্ত হইয়া জ্ঞান দ্বারা তৃপ্ত হয়েন ; সেই সকল সমাহিতচিত্ত ধীর ব্যক্তি সর্ব্বব্যাপী পরমাত্মাকে সর্ব্বত্র প্রাপ্ত হইয়া সকলেতে প্রবিষ্ট হয়েন ।

হে প্রিয় শিষ্য ! জীব, সমুদয় ইন্দ্রিয়, সমস্ত প্রাণ, ও ভূত সকল যাহাতে স্থিতি করে, সেই অবিনাশী পরমাত্মাকে যে ব্যক্তি জানিতে পারেন, তিনি সর্ব্বজ্ঞ হয়েন এবং সকলেতে প্রবেশ করেন ।

যে এই আকাশে জ্ঞানময় অমৃতময় পুরুষ, যিনি সমুদয় অনুভব করিতেছেন, সাধক কেবল তাঁহাকেই জানিয়া মৃত্যুকে

অতিক্রম করে, তদ্ভিন্ন মুক্তি প্রাপ্তির আর অন্য পথ নাই ।

এই আদেশ, এই উপদেশ, এই শাস্ত্র, এই প্রকারে তাঁহার উপাসনা করিবেক, এই প্রকারে তাঁহার উপাসনা করিবেক ।

প্রথম খণ্ড সমাপ্ত ।

দ্বিতীয় খণ্ড

প্রথম অধ্যায়

আচার্য্য শিষ্যকে ধর্ম্মোপদেশ করিতেছেন।

গৃহস্থ ব্যক্তি ব্রহ্মনিষ্ঠ ও তত্ত্বজ্ঞান পরায়ণ হইবেন; যে কোন কর্ম্ম করুন, তাহা পরব্রহ্মেতে সমর্পণ করিবেন।

গৃহী ব্যক্তি পিতামাতাকে সাক্ষাৎ প্রত্যক্ষ দেবতা স্বরূপ জানিয়া সর্ব্বপ্রযত্নে সর্ব্বদা তাঁহারদের সেবা করিবেন।

কুলপাবন সৎপুত্র পিতামাতাকে মৃদুবাক্য কহিবেক, সর্ব্বদা তাঁহারদের প্রিয় কার্য্য করিবেক এবং আজ্ঞাবহ থাকিবেক।

সকল গুরুর মধ্যে মাতা পরম গুরু হয়েন। মাতা পৃথিবী অপেক্ষাও গুরু, আর পিতা আকাশ অপেক্ষাও উচ্চতর।

সন্তান হইলে পিতা মাতা যেৰূপ ক্লেশ সহ্য করেন, শতবৎসরেও তাহার পরিশোধ করিতে কেহ শক্ত হয় না।

জ্যেষ্ঠ ভ্রাতা পিতৃ তুল্য, ভার্য্যা ও পুত্র স্বীয় শরীরের ন্যায়, দাসবর্গ আপনার ছায়া স্বৰূপ, আর দুহিতা অতি কৃপাপাত্র; এই হেতু এ সকলের দ্বারা উত্ত্যক্ত হইলেও সন্তপ্ত না হইয়া সর্ব্বদা সহিষ্ণুতা অবলম্বন করিবেক।

পরের অত্যুক্তি সকল সহ্য করিবেক, কাহাকেও অপমান করিবেক না; এই মানব দেহ ধারণ করিয়া কাহারও সহিত শত্রুতা করিবেক না।

দ্বিতীয় অধ্যায়

পুরুষ যাবৎ স্ত্রী গ্রহণ না করেন, তাবৎ তিনি অর্দ্ধেক থাকেন। যে গৃহ বালক দ্বারা পরিবৃত না হয়, সে গৃহ শ্মশান সমান।

সন্তান উৎপত্তির নিমিত্তে স্ত্রী সকল বহু কল্যাণপাত্রী এবং আদরণীয়া; ইহাঁরা গৃহ উজ্জ্বল করেন। স্ত্রীরা গৃহের শ্রী স্বরূপা, স্ত্রীতে আর শ্রীতে কিছুই বিশেষ নাই।

পুরুষ সর্ব্বাবয়ব সম্পূর্ণা এবং সুশীলা স্ত্রীর সহিত বিবাহ করিবেক। যে কন্যা মূল্য দ্বারা ক্রীত হয়, সে বিধি সম্মত পত্নী নহে।

স্ত্রী পুরুষে মরণান্ত পর্য্যন্ত পরস্পর কাহারও প্রতি কেহ ব্যভিচার করিবেক না; সংক্ষেপেতে তাঁহারদের এই পরম ধর্ম্ম জানিবে।

• স্বামী ও ভার্য্যা পরস্পর বিযুক্ত হইয়া যাহাতে কেহ কাহার প্রতি ব্যভিচার না করেন, এমত যত্ন তাঁহারা সর্ব্বদা করিবেন।

যে পরিবারে স্বামী ভার্য্যার প্রতি,এবং ভার্য্যা স্বামীর প্রতি নিত্য সন্তুষ্ট, সে পরিবারে নিশ্চিত কল্যাণ।

সেই ভার্য্যা যে পতিপ্রাণা, সেই ভার্য্যা যে সন্তানবতী, এবং সেই ভার্য্যা যাহার মন এবং বাক্য ও কর্ম্ম শুদ্ধ, আর যিনি পতির আজ্ঞানুসারিণী।

ছায়ার ন্যায় তিনি স্বামীর অনুগতা ও সখীর ন্যায় তাঁহার হিতকর্ম্ম সাধিকা হইবেন এবং স্বচ্ছা থাকিবেন, এবং সর্ব্বদা প্রহৃষ্ট থাকিয়া গৃহ কার্য্যেতে সুদক্ষ হইবেন।

কাহারও সহিত তিনি বিবাদ করিবেন না, অনর্থক বহু ভাষণ করিবেন না, অপরিমিত ব্যয় করিবেন না এবং ধর্ম্ম ও অর্থ বিষয়ে বিরোধিনী হইবেন না।

যে ভার্য্যা পতির প্রিয় ও হিত কার্য্যে

নিযুক্ত থাকেন এবং সদাচারা ও সংযতে-
ন্দ্রিয়া হয়েন, তিনি ইহ লোকে কীর্ত্তি ও
পরলোকে অনুপম সুখ প্রাপ্ত হয়েন।

স্ত্রীরা স্বামির বাক্য প্রতিপালন করি-
বেন, ইহা তাঁহারদের পরম ধর্ম্ম। স্বামী
সদাচারশীলা পত্নীকে পরিত্যাগ করিলে
ধর্ম্ম হইতে পতিত হয়েন।

স্ত্রীদিগকে অত্যল্প দুঃসঙ্গ হইতেও
বিশিষ্ট রূপে রক্ষা করিবেক, যেহেতু স্ত্রী
সুরক্ষিতা না হইলে পিতৃ কুল ও ভর্ত্তৃ কুল
উভয় কুলেরই শোকের কারণ হয়েন।

বিশ্বস্ত ও আজ্ঞাবহ ব্যক্তিগণ কর্ত্তৃক
গৃহ মধ্যে রুদ্ধা থাকিলেও স্ত্রীরা অরক্ষিতা;
যাঁহারা আপনাকে আপনি রক্ষা করেন,
তাঁহারাই সুরক্ষিতা।

জ্যেষ্ঠ ভ্রাতার ভার্য্যা কনিষ্ঠ ভ্রাতার
গুরু পত্নী স্বরূপ, আর কনিষ্ঠ ভ্রাতার ভার্য্যা
জ্যেষ্ঠ ভ্রাতার পুত্রবধূ স্বরূপ; ইহা মুনিরা
কহিয়াছেন।

তৃতীয় অধ্যায়

গৃহস্থ স্বীয় স্ত্রীকে প্রতিপালন করিবেক, পুত্রদিগকে বিদ্যাভ্যাস করাইবেক, এবং স্বজন ও বন্ধুবর্গকে রক্ষা করিবেক;এই সনাতন ধর্ম্ম।

কন্যাকেও এইরূপ পালন করিবেক ও অতি যত্নের সহিত শিক্ষা দিবেক এবং ধন রত্নের সহিত সুপণ্ডিত পাত্রে সম্প্রদান করিবেক।

যে স্ত্রী যাদৃক্ গুণবিশিষ্ট ভর্ত্তার সহিত বিধি পূর্ব্বক সংযুক্ত হয়, সে স্ত্রী তাদৃক্ গুণই প্রাপ্ত হয়; যেমন নদীর জল স্বাদু হইয়াও সমুদ্রের সহিত সংযুক্ত হইলে লবণাক্ত হয়।

কন্যা যত দিন পতি মর্য্যাদা ও পতিসেবা না জানে এবং ধর্ম্ম শাসন অজ্ঞাত থাকে, ততদিন পিতা তাহার বিবাহ দিবেন না।

জ্ঞানবান্ পিতা কন্যাদান নিমিত্ত কিঞ্চিন্মাত্রও পণ গ্রহণ করিবেন না, কারণ লোভাসক্ত হইয়া পণ গ্রহণ করিলে সন্তান বিক্রয় করা হয়।

চতুর্থ অধ্যায়

প্রতিদিন প্রাণিদিগের মাংস ভোজন করিয়াও ভোক্তা দূষ্য হয় না, কারণ পরমেশ্বর ভক্ষ্য ভক্ষক উভয় প্রকার প্রাণিই সৃষ্টি করিয়াছেন।

অতিভোজনে রোগ জন্মে, আয়ুঃক্ষয় হয়, পারলৌকিক সুখপ্রাপ্তিতে প্রতিবন্ধক ঘটে, সৎকর্ম্মের অনুষ্ঠানে ব্যাঘাত জন্মে এবং লোকনিন্দা হয়; অতএব অপরিমিত ভোজন করিবেক না।

নিদ্রাদ্বারা নিদ্রাকে জয় করিবেক না, কামদ্বারা স্ত্রীকে জয় করিবেক না, কাষ্ঠদ্বারা অগ্নিকে জয় করিবেক না এবং পানদ্বারা সুরাকে জয় করিবেক না।

অজ্ঞানী ব্যক্তি শিশ্নোদরের নিমিত্তে বহু ভোজন করে, আর মোহাসক্ত হইয়া ইন্দ্রিয়ার্থের বশীভূত হয়।

অনন্তর সে যথেচ্ছা আহার বিহারে মুগ্ধ হইয়া মহামোহজনক সুখেতে মগ্ন থাকে; আত্মাকে জানিতে পায় না।

যে ব্যক্তি নিয়মিত রূপে আহার বিহার ও কর্ম্মানুষ্ঠান করে এবং নিয়মিত রূপে নিদ্রাযায় ও জাগ্রত থাকে, তাহার এপ্রকার যোগ দ্বারা দুঃখ নাশ হয়।

পঞ্চম অধ্যায়

সে কখন বৃদ্ধ হয় না, যাহার কেবল শুক্ল কেশ; কিন্তু যুবা হইয়াও যিনি বিদ্বান্, তাঁহাকে দেবতারা বৃদ্ধ বলিয়া জানেন।

মৌন থাকা প্রযুক্ত কেহ মুনি হয় না, অরণ্য বাস প্রযুক্তও কেহ মুনি হয় না; কিন্তু যিনি আপনার লক্ষণ জানেন, তিনিই শ্রেষ্ঠ মুনি।

পূর্ব্ব ধন সম্পত্তি নাই বলিয়া আপনাকে অবজ্ঞা করিবেক না। আমরণ ধন সম্পত্তির চেষ্টা করিবেক; তাহা দুর্লভ মনে করিবেক না।

যাহা কিছু পরাধীন তাহা দুঃখের কারণ, আত্মবশ সকলই সুখের কারণ; সংক্ষেপেতে সুখ দুঃখের এই লক্ষণ জানিবে।

আপনার এবং লোভাতিশয় প্রযুক্ত পরের অর্থ নাশ করিবেক না; যে হেতু

আপনার ও পরের ধন নাশ করিলে আপনাকে ও পরকে পীড়া দেওয়া হয়।

যৌবন কালেই ধর্ম্মশীল হইবেক, জীবন কখনই নিত্য নহে; কে জানে অদ্য কাহার মৃত্যুকাল উপস্থিত হইবে।

যিনি বুদ্ধিমান্, সচ্চরিত্র, সুশীল, প্রসন্নমনা, ও ব্রহ্মজ্ঞানী, তিনি ইহলোকে সমাদর লাভ পূর্ব্বক পরলোকে সদ্গতি প্রাপ্ত হয়েন।

যাঁহার বাক্য ও মন সর্ব্বদা সম্যক্‌রূপে অপ্রমত্ত থাকে এবং যাঁহার তপস্যা, দান ও সত্য কথনের অনুষ্ঠান থাকে, তিনি পরম পদ প্রাপ্ত হয়েন।

যে প্রশান্তচিত্ত ব্যক্তি ধর্ম্মকে নিত্য আশ্রয় করিয়া কার্য্যোপায়ে সদা তৎপর থাকেন, তিনি অধর্ম্মের আলোচনা করেন না এবং পাপেতেও প্রবৃত্ত হয়েন না।

যে ব্যক্তি ধর্ম্ম ও অর্থ পরিত্যাগ করিয়া ইন্দ্রিয় পরায়ণ হয়, সে শ্রী, প্রাণ, ধন, দারা, প্রভৃতি হইতে অবিলম্বে পরিচ্যুত হয়।

আত্মা দ্বারা যে আত্মা বশীভূত হই-য়াছে, সেই আত্মাই আত্মার বন্ধু। আ-ত্মাই নিয়ত বন্ধু এবং আত্মাই নিয়ত রিপু।

উত্তম মানব জন্ম প্রাপ্ত হইয়া এবং ইন্দ্রিয় সৌষ্ঠব লাভ করিয়া যে ব্যক্তি আত্ম হিত না জানে, সে আত্মঘাতী হয়।

প্রথম বয়সে সেই কর্ম্ম করিবেক যদ্দ্বা-রা বৃদ্ধ কালে সুখে থাকিতে পারে, আর যাবজ্জীবন সেই কর্ম্ম করিবেক যদ্দ্বারা পরলোকে সুখী হইতে পারে।

মরণকেও ইচ্ছা করিবেক না এবং জীবন-কেও ইচ্ছা করিবেক না ; কালকেই প্রতীক্ষা করিয়া থাকিবেক ; যেমন কর্ম্মচারী ভৃতি লাভের কালকে প্রতীক্ষা করে।

ষষ্ঠ অধ্যায়

সুখার্থী ব্যক্তি সন্তোষ অবলম্বন করিয়া সংযত থাকিবেক ; যেহেতু সন্তোষই সুখের মূল, এবং তদ্বিপরীত অসন্তোষই দুঃখের মূল।

মূর্খেরাই অসন্তোষ পরায়ণ হয়, আর পণ্ডিতেরা সন্তোষ অবলম্বন করেন। বিষয় তৃষ্ণার অন্ত নাই, সন্তোষই পরম সুখ।

মনুষ্য পর্য্যায়ক্রমে সুখ দুঃখ ভোগ করেন। সুখ উপস্থিত হইলে তাহা সম্ভোগ করিবেক এবং দুঃখ উপস্থিত হইলে তাহা বহন করিবেক।

চিরকাল দুঃখ থাকে না এবং চিরকালও সুখ লাভ হয় না। শরীর সুখ ও দুঃখ উভয়েরই আশ্রয়।

সুখই হউক কিম্বা দুঃখই হউক, প্রিয়ই হউক বা অপ্রিয়ই হউক, যাহা ঘটিবে, অপরাজিত চিত্তে তাহার সেবা করিবেক।

প্রিয় লাভ হইলে অতিমাত্র হৃষ্ট হই-বেক না, এবং অপ্রিয় ঘটনা হইলে ম্রিয়-মাণও হইবেক না। ধনকষ্ট হইলে মুগ্ধ হইবেক না, এবং ধর্ম্মকে পরিত্যাগ করি-বেক না।

সন্তাপেতে রূপ যায়, সন্তাপেতে বল যায়, সন্তাপেতে জ্ঞান যায়, এবং সন্তা-পেতে ব্যধিকে প্রাপ্ত হয়।

সপ্তম অধ্যায়

আপনার যশঃ ও পৌরুষ, আর গোপন রাখিবার নিমিত্তে যে কথা কথিত হয়, এবং পরের উপকারের নিমিত্তে আপনার দ্বারা যে কার্য্য কৃত হয়, তাহা ধর্ম্মজ্ঞ ব্যক্তি প্রকাশ করিবেন না।

ধীর ব্যক্তি সত্য, মৃদু, প্রিয় ও হিতকর বাক্য বলিবেন, এবং আত্মপ্রশংসা ও পরনিন্দা পরিত্যাগ করিবেন।

সত্যই যাঁহার ব্রত, এবং সর্ব্বদা দীনেতে যাঁহার দয়া এবং কাম ক্রোধ যাঁহার অধীন, তাঁহার দ্বারা তিন লোক জিত হইয়াছে।

যিনি পরস্ত্রীতে বিরক্ত, যিনি পরদ্রব্যে নিস্পৃহ, যিনি দম্ভ মাৎসর্য্য বিহীন, তাঁহার দ্বারা তিন লোক জিত হইয়াছে।

যুদ্ধে যিনি ভীত হয়েন না, সংগ্রামে

যিনি পরাঙ্মুখ হয়েন না, ধর্ম্ম যুদ্ধে যিনি মৃতই বা হয়েন, তাঁহার দ্বারা তিন লোক জিত হইয়াছে।

সত্য কহিবেক ও প্রিয় কহিবেক; কিন্তু অপ্রিয় সত্য কহিবেক না, এবং প্রিয় মিথ্যাও কহিবেক না! ইহা সনাতন ধর্ম্ম।

জল দ্বারা গাত্র শুদ্ধি হয়, সত্য দ্বারা মনঃ শুদ্ধি হয়, বিদ্যা ও তপস্যা দ্বারা আত্ম শুদ্ধি হয়, এবং জ্ঞান দ্বারা বুদ্ধি শুদ্ধি হয়।

যে ব্যক্তি এক প্রকার হইয়া আপনাকে অন্য প্রকারে জানায়, সেই আত্মাপহারী চৌর কর্ত্তৃক কি পাপ না কৃত হয়।

সত্যের সমান আর ধর্ম্ম নাই, এবং সত্য হইতে প্রকৃষ্ট বস্তুও আর কিছু নাই; ইহলোকে মিথ্যার পর তীব্র পদার্থও আর নাই।

কেহ দানের দ্বারা প্রিয় হয়, কেহ প্রিয় বাক্যের দ্বারা প্রিয় হয়; কিন্তু অপ্রিয় হিত বচনের বক্তা এবং শ্রোতাও দুর্ল্লভ।

———

অষ্টম অধ্যায়

সাক্ষাৎ দর্শন ও শ্রবণে সাক্ষিত্ব হয়। সাক্ষী হইয়া সত্য বলিলে ধর্ম্মার্থ হইতে পরিভ্রষ্ট হয় না।

যথা দৃষ্ট যথা শ্রুত সমুদায়ই যথার্থ বলিবে। সত্য কথন দ্বারা সাক্ষী শুচি হয় এবং ধর্ম্ম রক্ষিত হয়।

যে সাক্ষির সচেতন আত্মা মিথ্যা কহিয়াছি এমত সন্দেহও করেন না, দেবতারা এই লোকে তাঁহা হইতে আর কাহাকেও শ্রেষ্ঠ বলিয়া জানেন না।

হে ভদ্র! আমি একাকী আছি, এই যে তুমি মনে করিতেছ, ইহা মনে করিবে না; এই পুণ্যপাপদর্শী সর্ব্বজ্ঞ পুরুষ তোমার হৃদয়ে নিত্য স্থিতি করিতেছেন।

———

নবম অধ্যায়

যাহা আপনার কল্যাণ জানিবে, তা-হাতে আপনাকে নিযুক্ত করিবেক। পা-পাচারী ব্যক্তির প্রতি পাপাচার করিবেক না, কিন্তু সর্ব্বদা সাধুই থাকিবেক।

সুখ দুঃখেতে যিনি অবিচলিত থাকেন, এবং সাধু সেবা করেন, সত্য ও সাধু কর্ম্মের অনুষ্ঠান দ্বারা তাঁহার বুদ্ধি ধর্ম্ম পথে দীপ্তি পায়।

মূঢ় ব্যক্তিদিগের সহবাসে সমূহ মো-হের উৎপত্তি হয়, এবং প্রতি দিন সাধু সং-সর্গে নিশ্চিত ধর্ম্মের উৎপত্তি হয়।

যে ব্যক্তি মোহ হেতু হিত বাক্য গ্রহণ না করে, সে দীর্ঘসূত্রী হইয়া পুরুষার্থ হইতে ভ্রষ্ট হয় এবং পশ্চাৎ সন্তাপে পতিত হয়।

যে ব্যক্তি সাধুদিগের অভিপ্রায় অতি-ক্রম করিয়া অসাধুদিগের মত অবলম্বন

করে, তাহার মিত্রেরা তাহাকে অচিরাৎ বিপদ্গ্রস্ত দেখিয়া শোক করেন।

যিনি অবিবাদী, কর্ম্মক্ষম, কৃতজ্ঞ, বুদ্ধি-মান্ ও সরল হয়েন, তিনি ভূমণ্ডলে কীর্ত্তি লাভ করেন, এবং কোন অনর্থ সাধন কর্ম্মে যুক্ত হয়েন না।

কৃতঘ্নের যশই বা কোথায়, স্থানই বা কোথায়, সুখই বা কোথায়। কৃতঘ্ন ব্যক্তি শ্রদ্ধার পাত্র নহে, কৃতঘ্নের নিষ্কৃতি নাই।

দশম অধ্যায়

যিনি ভক্ষ্য পেয় দ্রব্য বিভাগ করিয়া অন্যের সহিত পান ভোজন করেন, এবং দানশীল, ভোগবান্, সুখবান্ ও অহিংসক হয়েন, তিনি পরম আরোগ্য সম্ভোগ করেন।

দাতা আপনার শ্রদ্ধা অনুসারে এবং পাত্রের যোগ্যতা অনুসারে দান ক্রিয়ার অল্প বা বহু ফল লোকান্তরে প্রাপ্ত হয়।

হে তাত! ভূমণ্ডলে দান অপেক্ষা দুষ্কর কর্ম্ম আর কিছুই নাই; যেহেতু অ-র্থেতে লোকের মহতী তৃষ্ণা, এবং সেই অর্থ অতি দুঃখেতে লাভ হয়।

অন্যায়োপার্জ্জিত ধন দ্বারা যে দান ধর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহা সেই দাতাকে পাপ জনিত মহদ্ভয় হইতে পরিত্রাণ করিতে পারে না।

ন্যায়োপার্জ্জিত ধন দ্বারা জ্ঞান রক্ষা করিবেক। অন্যায় আচরণ করিয়া যে জীবিকা লাভ করে, সে সর্ব্ব ধর্ম্ম হইতে বহিষ্কৃত হয়।

যথা শক্তি সতত অন্ন দান করিবেক, তিতিক্ষা করিবেক, ও নিত্য ধর্ম্মানুষ্ঠান করিবেক, এবং সর্ব্বদা সর্ব্ব প্রাণিতে যথোচিত সমাদর করিবেক।

রোগীকে শয্যা, শ্রান্তকে আসন, তৃষ্ণার্ত্তকে পানীয়, এবং ক্ষুধিতকে ভোজ্য বস্তু প্রদান করিবেক।

অন্নদাতা সর্ব্ব বস্তুতে সুতৃপ্ত হইয়া সুখ লাভ করেন। ভূমি দানের পর আর নাই; বিদ্যা দান তদপেক্ষাও উৎকৃষ্ট।

দীন অন্ধ প্রভৃতি কৃপা পাত্রদিগকে ঔষধ, পথ্য, আহার, অক্ষণীয় স্নেহ দ্রব্য, ও স্থান, এই সকল দান এবং অন্য অন্য দানও দিবেক।

যে দানক্ষম ব্যক্তি দুঃখজীবী স্ত্রী পুত্র স্বজনকে অবহেলা করিয়া পরজনকে দান

করে, তাহার সে দান ক্রিয়া ধর্ম্মের প্রতি-রূপ মাত্র, বাস্তব সে ধর্ম্ম নহে ; তাহা আ-পাততঃ মধু সমান সুস্বাদু হয় বটে, কিন্তু পরিণামে তাহার গরল সমান আস্বাদ হয়।

একাদশ অধ্যায়

জ্ঞান দ্বারা মানসিক দুঃখ এবং ঔষধ দ্বারা শারীরিক দুঃখ হনন করিবেক। কৃত-বুদ্ধি ব্যক্তিরা পরম গতিকে প্রতীতি করিয়া আর শোক করেন না।

অভিমান পরিত্যাগ করিয়া প্রিয় হই-বেক, ক্রোধ পরিত্যাগ করিয়া শোচনা-শূন্য হইবেক, কামনা পরিত্যাগ করিয়া অর্থবান্ হইবেক, এবং লোভ পরিত্যাগ করিয়া সুখী হইবেক।

ক্রোধ অতি দুর্জ্জয় শত্রু, লোভ অনন্ত ব্যাধি। যিনি সর্ব্বজীবের হিতৈষী তিনি সাধু, আর যে নির্দ্দয় সেই অসাধু বলিয়া উক্ত হইয়াছে।

যিনি ইন্দ্রিয় ও মনঃ সংযম করিয়াছেন, তিনি আর বারম্বার ক্লেশ প্রাপ্ত হয়েন না।

শান্তচিত্ত ব্যক্তি পর-শ্রী দেখিয়া কখন কাতর হয়েন না।

অন্যের ধনে, রূপে, বীর্য্যে, কুলে, সন্তানে, সুখে, সৌভাগ্যে, সৎক্রিয়াতে যে ব্যক্তি ঈর্ষা করে,তাহার ব্যাধির আর অন্ত নাই।

মিত্রদ্রোহী, দুষ্টস্বভাব, নাস্তিক, ক্রূর, শঠ, এবং গুণবানের যে দ্বেষী, তাহাকে পণ্ডিতেরা নরাধম করিয়া বলিয়াছেন।

যে ব্যক্তি কার্য্যকে অকার্য্য এবং অকার্য্যকে কার্য্য রূপে জ্ঞান করে,সে ইন্দ্রিয় সংযমশূন্য বালক স্বরূপ। সে অত্যন্ত দুঃখকে সুখ বোধ করে।

দ্বাদশ অধ্যায

ধৈর্য্য, ক্ষমা, মনঃসংযম, অচৌর্য্য, দেহ ও অন্তর শুদ্ধি, ইন্দ্রিয় নিগ্রহ, শাস্ত্র জ্ঞান, ব্রহ্মবিদ্যা, সত্যকথন ও অক্রোধ; ধর্ম্মের এই দশ প্রকার লক্ষণ।

হ্রীবিশিষ্ট ব্যক্তি পাপের দ্বেষ করেন, তাঁহার শ্রীবৃদ্ধি হয়; হ্রী নষ্ট হইলে ধর্ম্মে বাধা জন্মে, এবং ধর্ম্ম হানি হইলে শ্রীভ্রংশ হয়।

যিনি অসূয়া-শূন্য ও কৃতজ্ঞ হয়েন এবং শুভ কর্ম্মের অনুষ্ঠান করেন, তিনি সুখ, ধর্ম্ম, অর্থ ও স্বর্গ লাভ করেন।

সকল লোকই দণ্ড দ্বারা শাসিত হয়; শুদ্ধ-চরিত্র মনুষ্য অতি দুর্লভ। দণ্ড ভয়েই সকল ভুবন প্রতিপালিত হইতেছে।

অন্যায় দণ্ড করিলে ইহলোকে যশ ও কীর্ত্তি নাশ হয়, এবং পরলোকে স্বর্গ হানি হয়; অতএব তাহা পরিত্যাগ করিবেক।

ক্ষমা দ্বারা লোক বশীভূত হয়, ক্ষমা পরম্ ধন্; ক্ষমা অশক্তদিগের গুণ, শক্তদিগের ভূষণ।

শুভাকাঙ্ক্ষী ব্যক্তি যেমন আপনাকে তদ্রূপ পরকে দেখিবেন; কারণ আত্মপর সকলেতেই সুখ দুঃখ সমান।

যিনি পরস্ত্রীদিগকে মাতৃবৎ, পরদ্রব্য সমূহকে লোষ্টবৎ ও সর্ব্ব প্রাণিকে আত্মবৎ দেখেন, তিনিই যথার্থ দেখেন।

ত্রয়োদশ অধ্যায়

অন্যের পরিবাদ দিয়া সাধু ব্যক্তি যেমন সন্তপ্ত হয়েন, দুর্জ্জন ব্যক্তি তদ্রূপ অন্যের পরিবাদ দিয়া তুষ্ট হয়।

যিনি বিপৎকালে ব্যথিত হয়েন না, যিনি কর্ম্ম-দক্ষ, সদা উদ্যোগী, প্রমাদ রহিত ও বিনীত-স্বভাব, তিনি সর্ব্বদা কুশল দর্শন করেন।

অবিনয় দোষে অশ্বরথাদি বহু পরিচ্ছদ বিশিষ্ট অনেক রাজাও নষ্ট হইয়াছেন। অনেকে বনবাসি হইয়াও বিনয় গুণে রাজ্য লাভ করিয়াছেন।

যে কর্ম্ম করিলে আত্মতুষ্টি লাভ হয়, তাহা অতি যত্ন পূর্ব্বক অনুষ্ঠান করিবেক; তদ্বিপরীত কর্ম্ম পরিত্যাগ করিবেক।

মনুষ্য স্বসাধ্যমত কোন ধর্ম্ম-কার্য্য সাধনে যত্ন করিয়াও যদি কৃতকার্য্য না হয়েন; তথাপি তিনি তজ্জন্য পুণ্য লাভ করেন; ইহাতে আমার সংশয় নাই।

চতুর্দ্দশ অধ্যায

সারথি যেমন অশ্ব সকলের সংযম করেন, তদ্রূপ অপহরণশীল বিষয়ে প্রবৃত্ত ইন্দ্রিয় সকলের সংযমে জ্ঞানি ব্যক্তি যত্ন করিবেন।

মন যদি স্বেচ্ছাচারি ইন্দ্রিয় সকলের অনুগামি হয়, তবে বায়ু যেমন নৌকাকে জলেতে মগ্ন করে, ঐ মনও তদ্রূপ পুরুষের বুদ্ধিকে নষ্ট করে।

কাম্য বস্তুর উপভোগ দ্বারা কামনার কখন নিবৃত্তি হয় না, প্রত্যুত ঘৃত-প্রাপ্ত অগ্নির ন্যায় আরও বৃদ্ধিই হইতে থাকে।

সকল ইন্দ্রিয়ের মধ্যে যদি এক ইন্দ্রিয়ের স্খলন হয়, তবে তাহাতেই লোকের বুদ্ধি ভ্রংশ হয়; যেমন চর্ম্মময় পাত্রের এক মাত্র ছিদ্র দ্বারা সমুদয় জল নিঃসৃত হইয়া যায়।

যেমন জ্ঞান অবলম্বন দ্বারা বিষয়াসক্ত ইন্দ্রিয় সকলকে নিত্য বশে রাখা যায়, নিতান্ত ভোগ পরিত্যাগ দ্বারা সেরূপ পারা যায় না।

এসংসারে কাম ক্রোধের বশীভূত ব্যক্তি অবিদ্বান্ হউক বা বিদ্বানই হউক, কামিনী গণ তাহাকে বিপথ-গামি করিতে সমর্থ হয়।

যাহাতে শরীর ক্ষীণ না হয়, এমত উপায় দ্বারা মন ও ইন্দ্রিয় সকল বশীভূত করিয়া সর্ব্বার্থ সাধন করিবেক।

পঞ্চদশ অধ্যায়ঃ

যখন মনুষ্য কোন প্রাণির প্রতি কর্ম্ম, কি মন, কি বাক্য দ্বারা কদাপি পাপাচরণ না করেন, তখন তিনি ব্রহ্ম লাভ করেন।

মনুষ্য পুণ্য কর্ম্ম করিলে পবিত্র কীর্ত্তি লাভ করেন এবং পুণ্য লোকে গমন করেন; পুণ্য জীবের প্রাণ ধারণ করেন, পুণ্য প্রাণ-দাতা বলিয়া উক্ত হইয়াছেন।

যে ব্যক্তি অধর্ম্মে প্রবৃত্ত হইয়া পাপ চিন্তা করে, পাপ আলাপ করে, পাপ অনু-ষ্ঠান করে, তাহার সদ্গুণ সকল নষ্ট হয়।

যাঁহারা মন, ও বাক্য, ও কর্ম্ম ও বুদ্ধি দ্বারা পাপাচরণ না করেন, সেই মহাত্মা-রাই তপস্যা করেন; যাঁহারা শরীর শোষণ করেন, তাঁহারা তপস্যা করেন না।

প্রাজ্ঞ ব্যক্তি ধর্ম্মেতে রমণ করেন, এবং ধর্ম্মপথে জীবিকা লাভ করেন। এই প্রকা-

রেই মনুষ্য ধর্ম্মাত্মা হয়, এবং ইঁহার চিত্ত প্রসাদ লাভ করে।

যাঁহার আত্মা পাপ হইতে বিরত হইয়াছে, এবং শুভকার্য্যে রত হইয়াছে, তিনি জানেন যে কি স্বভাব সিদ্ধ আর কি স্বভাব বিরুদ্ধ।

যে মনুষ্য জ্ঞান নেত্র লাভ করিয়াছেন, তিনি আর ইহলোকে দোষেতে আবদ্ধ হয়েন না। তিনি স্বেচ্ছানুসারে রাগ পরিত্যাগ করেন, কিন্তু ধর্ম্ম পরিত্যাগ করেন না।

পাপাত্মা ব্যক্তি পাপ হইতে নিবারিত হইলেও পাপ ইচ্ছা করে। ধর্ম্মশীল ব্যক্তিকে পাপ কর্ম্মে প্রবৃত্তি দিলেও তিনি কল্যাণ ইচ্ছা করেন।

যে ব্যক্তি ধর্ম্মকে অতিক্রম করে, ধর্ম্ম তাহাকে নষ্ট করেন,আর যিনি ধর্ম্মকে রক্ষা করেন, ধর্ম্ম তাঁহাকে রক্ষা করেন। অতএব ধর্ম্মকে নাশ করিবেক না। ধর্ম্ম হত হইয়া আমারদিগকে নষ্ট না করুন।

ধর্ম্ম কেবল একই মিত্র, যিনি মরণ কালেও অনুগামী হয়েন; আর সমুদায়ই শরীরের সহিত বিনাশ পায়।

ধর্ম্ম নাই মনে করিয়া যাহারা সাধু ব্যক্তিদিগকে উপহাস করে, এবং ধর্ম্মেতে অশ্রদ্ধা করে, তাহারা নিঃসন্দেহ বিনাশ পায়।

অপমানিত ব্যক্তি সুখে নিদ্রা যায়, সুখেতে জাগ্রৎ হয় এবং সুখেতে লোক যাত্রা নির্ব্বাহ করে, কিন্তু যে অপমান করে সে বিনাশ পায়।

মনুষ্য পাপাচরণ করিলে অপকীর্ত্তি প্রাপ্ত হয় এবং অশুভ ফল ভোগ করে, পুণ্যানুষ্ঠান করিলে সৎকীর্ত্তি প্রাপ্ত হয় এবং অত্যন্ত শুভ ফল ভোগ করে।

অতএব দৃঢ়-প্রতিজ্ঞ হইয়া পাপ করিবেক না। পুনঃ পুনঃ পাপ করিলে বুদ্ধি নাশ হয়।

ষোড়শ অধ্যায়

যিনি প্রশস্ত কর্ম্মের অনুষ্ঠান করেন, এবং নিন্দিত কর্ম্ম পরিত্যাগ করেন, এবং শ্রদ্ধাবান্ ও অনাস্তিক হয়েন, তাঁহার এই পাণ্ডিত্যের লক্ষণ।

ধর্ম্মই এক মঙ্গল সাধন, ক্ষমাই এক উত্তম শান্তি, বিদ্যাই এক পরম তৃপ্তি, এবং অহিংসাই এক সুখের কারণ।

মানসিক, বাচনিক, এবং শারীরিক এই তিন প্রকার কর্ম্মেই শুভ এবং অশুভ ফল জন্মে। মনুষ্যদিগের উত্তম, মধ্যম, অধম, তিন প্রকার কর্ম্ম জনিত গতি হয়।

পরদ্রব্য লাভের আলোচনা, লোকের অনিষ্ট চিন্তন, এবং ঈশ্বরেতে পরকালেতে অবিশ্বাস, এই তিন প্রকার মানসিক কুকর্ম্ম।

নিষ্ঠুর বাক্য, মিথ্যা কথা, পরোক্ষে

পরনিন্দা এবং অসম্বন্ধ প্রলাপ বাক্য; এই চারি প্রকার বাচনিক কুকর্ম্ম।

অদত্ত ধন গ্রহণ, অবিহিত হিংসা, পর-দারসেবা; এই তিন প্রকার শারীরিক কুকর্ম্ম।

সকল প্রাণির হিতার্থে আপনার মন ও বাক্য ও শরীর এই তিনকে দমন করিয়া এবং কাম ক্রোধকে সংযম করিয়া মনুষ্য সিদ্ধি প্রাপ্ত হয়েন।

পাপ করিয়া তন্নিমিত্ত সন্তাপ করিলে সেই পাপ হইতে সে মুক্ত হয়। এমন কর্ম্ম আর করিব না এই প্রতিজ্ঞা করিয়া তাহা হইতে নিবৃত্ত হইলে সে পবিত্র হয়।

সপ্তদশ অধ্যায়

যে মনুষ্য অধার্ম্মিক ও মিথ্যা কথন যাহার ধন লাভের উপায় এবং যে ব্যক্তি সর্ব্বদা পরহিংসায় রত, সে ব্যক্তি ইহ লোকে সুখ প্রাপ্ত হয় না।

ধর্ম্মপথে থাকিয়া নিতান্ত অবসন্ন হইলেও অধার্ম্মিক পাপিদিগের আশু বিপর্য্যয় দৃষ্টে অধর্ম্মে মনোনিবেশ করিবেক না।

অধর্ম্ম দ্বারা আপাততঃ বর্দ্ধিত হয় ও কুশল লাভ করে, [illegible]ং শত্রু জয় করে; পরে সমূলে বিনাশ পায়।

কোন প্রাণিকে পীড়া না দিয়া পরলোকে সাহায্য লাভার্থে পুত্তিকেরা যেরূপ বল্মীক প্রস্তুত করে, তদ্রূপ অল্পে অল্পে ধর্ম্ম সঞ্চয় করিবেক।

পরলোকে সহায়ের নিমিত্তে পিতা মাতা, স্ত্রী পুত্র, জ্ঞাতি বন্ধু কেহই থাকেন না; কেবল ধর্ম্মই থাকেন।

একাকী মনুষ্য জন্ম গ্রহণ করে, একাকীই মৃত হয়; একাকীই স্বীয় পুণ্য ফল ভোগ করে; এবং একাকীই স্বীয় দুষ্কৃতি ফল ভোগ করে।

বান্ধবেরা ভূমিতলে মৃত শরীরকে কাষ্ঠ লোষ্টবৎ পরিত্যাগ করিয়া বিমুখ হইয়া গমন করেন; ধর্ম্ম তাহার অনুগামী হয়েন।

অতএব আপনার সহায়ার্থে অল্পে অল্পে ধর্ম্ম নিত্য সঞ্চয় করিবেক। জীব ধর্ম্মের সহায় দ্বারা দুস্তর সংসার অন্ধকার হইতে উত্তীর্ণ হয়।

এই আদেশ, এই উপদেশ, এই শাস্ত্র, এই প্রকারে তাঁহার উপাসনা করিবেক, এই প্রকারে তাঁহার উপাসনা করিবেক।'

ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ। হরিঃ ওঁ।

দ্বিতীয় খণ্ড সমাপ্ত।

ধর্ম্মবীজ

১ এই জগৎ উৎপত্তির পূর্ব্বে কেবল এক পরব্রহ্ম মাত্র ছিলেন ; অন্য পদার্থ মাত্র ছিল না । তিনিই এই সমুদায় সৃষ্টি করিলেন ।

২ তিনি জ্ঞান স্বরূপ, অনন্ত স্বরূপ, আনন্দ স্বরূপ, মঙ্গল স্বরূপ, নিত্য, নিয়ন্তা, সর্ব্বজ্ঞ, নিরবযব, একমাত্র, অদ্বিতীয়, বিচিত্রশক্তিমান্ হয়েন ।

৩ এক মাত্র তাঁহার উপাসনা দ্বারা ঐহিক ও পারত্রিক মঙ্গল হয় ।

৪ তাঁহাকে প্রীতি করা এবং তাঁহার প্রিয় কার্য্য সাধনা করাই তাঁহার উপাসনা হইয়াছে ।

ব্রাহ্মপ্রতিজ্ঞা

ওঁ অদ্য অমুকশকে অমুক মাসে অমুক দিবসে ব্রাহ্মধর্ম্ম গ্রহণ করিতেছি ।

১ সৃষ্টি স্থিতি প্রলয়কর্ত্তা, মুক্তির কারণ, সর্ব্বজ্ঞ, সর্ব্বব্যাপী, পূর্ণানন্দ, মঙ্গল স্বরূপ, নিরবযব, একমাত্র অদ্বিতীয় পর ব্রহ্মের প্রতি প্রীতিদ্বারা, এবং তাঁহার প্রিয় কার্য্য সাধনা দ্বারা, তাঁহার উপাসনাতে নিযুক্ত থাকিব ।

২ সর্ব্বস্রষ্টা পরব্রহ্মরূপে সৃষ্ট কোন বস্তুর আরাধনা করিব না ।

৩ রোগ বা বিপদের দিবস ভিন্ন, প্রতি দিবস যে কালে চিত্তের স্থিরতা হইবেক, সেই কালে শ্রদ্ধা এবং প্রীতি পূর্ব্বক পরব্রহ্মেতে মনকে সমাধান করিব ।

৪ সৎকর্ম্মের অনুষ্ঠানে যত্নশীল থাকিব ।

ব্রাহ্মপ্রতিজ্ঞা

৫ কুকর্ম্ম হইতে নিরস্ত থাকিতে সচেষ্ট হইব।

৬ যদি মোহ দ্বারা কোন কুকর্ম্ম দৈবাৎ করি তবে একান্তে তাহা হইতে মুক্তি ইচ্ছা করিয়া সাবধান হইব।

৭ প্রতি বৎসরে এবং আমার সাংসারিক তাবৎ শুভকর্ম্মে ব্রাহ্মসমাজে দান করিব।

হেপরমেশ্বর! সম্যক্‌রূপে এই পরম ধর্ম্ম প্রতিপালন করিবার ক্ষমতা আমার প্রতি অর্পণ কর।

ওঁএকমেবাদ্বিতীয়ং।

সংক্ষেপব্রহ্মোপাসনা।

ওঁ যে প্রকাশবান্ পুরুষ অগ্নিতে, যিনি জলেতে, যিনি বিশ্ব সংসারে প্রবিষ্ট হইয়া আছেন; যিনি ওষধিতে, যিনি বনস্পতিতে স্থিতি করিতেছেন; সেই দেবতাকে বার বার নমস্কার করি।

যিনি এই বিশ্বের সৃষ্টি স্থিতি প্রলয়ের কর্ত্তা, যিনি তাবৎ সুখদুঃখের নিয়ন্তা, যিনি আমার দেহের ও আয়ুর এবং সমুদায় সৌভাগ্যের কারণ, এবং স্থাবর জঙ্গম সমুদয়ের অন্তরাত্মা হয়েন; তিনি সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ, অনন্তস্বরূপ, পরব্রহ্ম; সকল বিষয় হইতে মনকে নিবৃত্ত করিয়া একান্তে সেই মঙ্গল পূর্ণ আনন্দে সমাধান করি।

সর্ব্বব্যাপী, নিরবয়ব, সর্ব্বপাপশূন্য, বিশুদ্ধস্বভাব, সর্ব্বজ্ঞ, সর্ব্বান্তর্যামী, পরাৎপর, স্বপ্রকাশস্বরূপ, নিত্য পরমেশ্বর সর্ব্ব কালে প্রজা সকলকে যথোপযুক্ত সুখদুঃখ বিধান করিতেছেন। তাঁহা হইতে প্রাণ, মন, সমুদয় ইন্দ্রিয়, এবং আকাশ, বায়ু, জ্যোতি, জল, পৃথিবী, তাবৎ চরাচর সৃষ্ট হইয়াছে। তাঁহার প্রশাসন দ্বারা উপযুক্তমত অগ্নি প্রজ্বলিত হইতেছে, সূর্য্য উত্তাপ দিতেছে, মেঘ বারি বর্ষণ করিতেছে, বায়ু সঞ্চালিত হইতেছে, এবং মৃত্যু সঞ্চরণ করিতেছে।

প্রার্থনা।

হে পরমাত্মন্! মোহকৃত পাপ হইতে মুক্ত করিয়া এবং দুর্ম্মতি হইতে বিরত রাখিয়া তোমার নিয়ম পালনে আমারদিগকে যত্নশীল কর, এবং শ্রদ্ধা ও প্রীতি পূর্ব্বক অহরহ তোমার অপার মহিমা এবং পরম মঙ্গল ও নির্ম্মলানন্দস্বরূপ চিন্তনে উৎসাহ যুক্ত কর, যাহাতে ক্রমে নিত্য পূর্ণ সুখ লাভ করিতে সমর্থ হই।

যিনি এক এবং বর্ণহীন এবং যিনি প্রজাদিগের প্রয়োজন জানিয়া বহুপ্রকার শক্তিযোগে বিবিধ কাম্য বস্তু বিধান করিতেছেন সমুদায় ব্রহ্মাণ্ড আদ্যন্তমধ্য যাঁহাতে ব্যাপ্ত হইয়া রহিয়াছে তিনি দীপ্যমান পরমেশ্বর তিনি আমারদিগকে শুভবুদ্ধি প্রদান করুন।

ওঁএকমেবাদ্বিতীয়ং।

ইতি সংক্ষেপ ব্রহ্মোপাসনা

গায়ত্রীর অর্থ

সৃষ্টি স্থিতি প্রলয় কর্ত্তা সর্ব্বলোক প্রকাশক সেই জগৎ প্রসবিতা পরম দেবতার বরণীয় জ্ঞান ও শক্তি ধ্যান করি, যিনি আমারদিগকে বুদ্ধিবৃত্তি সকল প্রেরণ করিতেছেন।

প্রাতঃস্মরণীয

হে পরমাত্মন্ তোমার আজ্ঞানুসারে লোকের হিতের নিমিত্তে এবং তোমার প্রীতির নিমিত্তে সংসার যাত্রা নির্ব্বাহ করিতে প্রবৃত্ত হই।

অশুদ্ধশোধন

পত্র	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৪৮	৫	অরমাত্মা	পরমাত্মা
৯৩	৮	ব্যাধিকে	ব্যাক্তিকে